19 FEB 2017

# শতভাগ সমর্পণকারী অবসরপ্রাপ্তদের বৈশাখীভাতা প্রদান প্রসঙ্গে

বাংলা নববর্ষভাতা সরকারি কর্মচারীদের জন্য নতুন বিষয় সন্দেহ নাই এবং এই নতুন উদ্ভাবনটি বর্তমান সরকারেরই। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৪/১০/১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭.৪৪.১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপন দ্বারা কার্যকর, যা ৩০ জুন থেকে প্রজাতন্ত্রের কর্মচারীগণ মূল বেতনের ২০% হারে প্রাপ্য হবেন। সকল অবসরপ্রাপ্ত কর্মচারী এই ভাতা প্রাপ্য হলেও শতভাগ সমর্পণকারী কর্মচারীদের বেলায় এই ধারা প্রযোজ্য নয়। অর্থাৎ শতভাগ সমর্পণকারীরা এই ভাতা পাবেন না। বর্তমান সরকার কর্মচারীবান্ধব। এ অবস্থায়, নববর্ষভাতা শতভাগ সমর্পণকারীদেরও প্রদানের ব্যবস্থা করতে বিনীত অনুরোধ জানাচ্ছি।

**এ কে এম আলীউজ্জামান খান**
সাবেক ব্যাংক কর্মকর্তা, নাটোর